গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান
ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৪.৩৯.১৩৩.২২-৮৮৮ তারিখ ঃ ১১/০৭/২০২৪

## " লাইসেন্স নবায়ন ও নতুন ঠিকাদার তালিকাভূক্তির নোটিশ "

এতদ্বারা বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এ নিয়োজিত তালিকাভুক্ত ঠিকাদার / ঠিকাদারী প্রতিষ্ঠান এবং এ পরিষদে নতুন তালিকাভুক্ত হতে ইচ্ছুক ব্যক্তি ও প্রতিষ্ঠান সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এবং তফসীল অনুযায়ী ২০২৪-২০২৫খ্রিঃ অর্থ বৎসরের জন্য নির্ধারিত ফি জমা প্রদান পূর্বক লাইসেন্স নবায়ন ও নতুন ঠিকাদারী তালিকাভুক্তি করা হবে ঃ

" শর্তাবলী "

১। (ক) এ পরিষদে তালিকাভূক্ত প্রত্যেক ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে নির্ধারিত ফি যে কোন তফসিলী ব্যাংক হতে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ-এর নামে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে অত্র পরিষদের প্রকৌশল বিভাগে জমা দিয়ে লাইসেন্স বহি হালনাগাদ করতে হবে।

(খ) ২০২৪-২০২৫ অর্থ বৎসরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স, চেম্বার অব কমার্সের হালনাগাদ প্রত্যয়নপত্র, ১২ ডিজিটের TIN সম্বলিত আয়কর ও ভ্যাট রেজিষ্ট্রেশনের সত্যায়িত ফটোকপি নবায়নের সময় অবশ্যই জমা দিতে হবে।

(গ) নতুন তালিকাভূক্তির সময় প্রকৃত ঠিকাদারকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

(ঘ) হালনাগাদ লাইসেন্স নবায়ন ব্যতীত দরপত্র সিডিউল ক্রয়/ EGP টেন্ডারিং প্রক্রিয়ায় অংশ গ্রহণ করা যাবে না।

(ঙ) ২০২৪-২০২৫ অর্থ বছরের নতুন তালিকাভূক্তি ও লাইসেন্স নবায়নের বিপরীতে ফি হিসাবে জমাকৃত অর্থের উপর সরকার কর্তৃক নির্ধারিত ১৫% হারে ভ্যাট এবং ৩০০/- টাকা হারে উৎস্য আয়কর এর অর্থ চালান কপির মাধ্যমে সোনালী ব্যাংক, বান্দরবান জেলা শাখা, জমা প্রদান পূর্বক চালান কপি এ পরিষদে দাখিল স্বাপেক্ষে লাইসেন্স নবায়ন ও নতুন ঠিকাদার হিসাবে তালিকাভূক্ত করা হবে। পৃথক পৃথক চালান কপিতে নিম্নবর্ণিত নির্ধারিত ভ্যাট ও আয়কর এর কোড নম্বর উল্লেখ পূর্বক ভ্যাট ও আয়করের অর্থ জমা প্রদান করতে হবে।

| ক্রঃনং | ভ্যাট এর কোড নম্বর | আয়কর এর কোড নম্বর |
|---|---|---|
| ১ | ১-১১৩৩-০০২৫-০৩১১ | ১-১১৪১-০০৪৫-০১১১ |

### " লাইসেন্স নবায়ন ও নতুন তালিকাভূক্তি ফি-এর তফসিল "

| ক্রঃ নং | তালিকাভূক্তি ও নবায়ন ফি এর পরিমাণ | উৎস্য আয়কর কর্তনের পরিমাণ | সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাটের পরিমাণ | জরিমানা ব্যতীত নির্ধারিত তারিখ প্রদানসহ | ৫০% জরিমানা প্রদানসহ |
|---|---|---|---|---|---|
| ০১. | ঠিকাদারী লাইসেন্স নবায়ন ফি ২০০০/= (দুই হাজার টাকা) | ৩০০/-(তিনশত টাকা) | ৩০০/- (তিনশত টাকা) | ২১/০৭/২০২৪ হতে ৩১/১০/২০২৪ | ০৩/১১/২০২৪ হতে ৩০/০১/২০২৫ |
| ০২. | ঠিকাদারী/ঠিকাদারী প্রতিষ্ঠ্যান হিসাবে তালিকাভূক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার টাকা) | ৩০০/- (তিনশত টাকা) | ৭৫০/-(সাতশত পঞ্চাশ টাকা) | নতুন তালিকাভূক্তি ফি জমা নেওয়ার সর্বশেষ তারিখ ১৭/১২/২০২৪ খ্রিঃ পর্যন্ত। | |

(চ) লাইসেন্স নবায়ন ও নতুন ঠিকাদার তালিকাভূক্তির ক্ষেত্রে অনলাইনে বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইট www.bhdc.gov.bd তে প্রবেশ করে অনলাইনে "ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন সংক্রান্ত অপসনের মাধ্যমে লাইসেন্স নবায়ন ও নতুন ঠীকাদারী তালিকাভুক্তি করা যাবে।

২। (ক) নতুন তালিকাভুক্তির জন্য ইচ্ছুক ব্যক্তি / প্রতিষ্ঠানকে আগামী ১৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রকৌশল শাখা হতে আবেদন ফরম গ্রহণ পূর্বক যথাযথভাবে পূরণ করে ৩০/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকৌশল শাখায় জমা দিতে হবে।

(খ) সর্বোচ্চ ০৩ (তিন) বছর পূর্বের পর্যন্ত উল্লেখিত জরিমানা প্রদান স্বাপেক্ষে লাইসেন্স নবায়ন করা যাবে। উক্ত সময়ের মধ্যে নবায়নে ব্যর্থ ব্যক্তি বা প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।

(গ) কর্তৃপক্ষ এ নবায়ন / নতুন তালিকাভুক্তির আবেদন পত্র গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

( ক্যশৈহ্লা )
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বান্দরবান।
# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান
ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com



স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৪.৩৯.১৩৩.২২-৮৮৮ তারিখ ঃ ১১/০৭/২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা ।
০২। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
০৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ।
০৪। নির্বাহী প্রকৌশলী. ............................................................................ (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ................................................ , (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
০৬। মেয়র, বান্দরবান পৌরসভা / লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান ( ইহা মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতিতে আনয়নের জন্য)।
০৮। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ।
০৯। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। বিজ্ঞাপন ম্যানেজার/ জেলা প্রতিনিধি, ................................................................................ বান্দরবান। উল্লেখিত বিজ্ঞাপনটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় আগামী ১৪/০৭/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে ১০´´X ৪ কলাম সাইজে একবার মাত্র ছাপানোর জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হল। প্রচারের পর পত্রিকার ৩(তিন) কপি অত্র দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য ও অনুরোধ করা হলো ।
১১। জনাব / মেসার্স .......................................................................... , বান্দরবান।
১২। অফিস কপি/ নোটিশ বোর্ড ।

নির্বাহী প্রকৌশলী
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান।

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৪.৩৯.১৩৩.২২-৮৮৮ তারিখ ঃ ১১/০৭/২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

০১। জনাব ............................................................................ সম্মানীত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

নির্বাহী প্রকৌশলী
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান।